

কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

শাখা নিয়ন্ত্রণ বিভাগ

Email: bcd@karmasangsthanbank.gov.bd

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

সূত্র নং ৪-কেবি/প্রকা/শানিবি-৪২(অংশ-০১)/২০১৭-২০১৮/৮৪৪(২৮৫)

তারিখঃ ২৮ .০৬.২০১৮

সকল আঞ্চলিক ব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক

কর্মসংস্থান ব্যাংক।

বিষয়ঃ কর্মসংস্থান ব্যাংকের শাখা /কার্যালয়ের ভবন ভাড়াচুক্তির প্রস্তাব যথাসময়ে প্রেরণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ২৭.০১.২০১৪ তারিখের পত্র নং-কেবি/প্রকা/শানিবি-৪২(অংশ-০১)/২০১৩-২০১৪/৩৭৪(১৫), ১৪.০৭.২০১৫ তারিখের পত্র নং-কেবি/প্রকা/শানিবি-৪২(অংশ-০১)/২০১৫-২০১৬/২২(২৫) এবং সর্বশেষ ২৭.০৩.২০১৮ তারিখের পত্র নং -কেবি/প্রকা/শানিবি-৪২(অংশ-০২)/২০১৭-২০১৮/৪১৪(৪২) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত পত্রদ্বয়ে ব্যাংকের শাখা /আঞ্চলিক কার্যালয় /অন্যান্য কার্যালয় এর ভবন ভাড়াচুক্তির নবায়ন প্রস্তাব বিদ্যমান ভাড়াচুক্তির মেয়াদ উত্তীর্ণের কমপক্ষে ০২(দুই) মাস পূর্বে এবং অফিস স্থানান্তরের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) মাস পূর্বে স্থানান্তরের প্রস্তাব অত্র বিভাগে পৌঁছানো নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণ না করায় ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষের চরম অসন্তোষ প্রকাশ পেয়েছে।

০৩। এমতাবস্থায়, ভবন ভাড়াচুক্তি নবায়ন/ স্থানান্তর / নতুন শাখা খোলার প্রস্তাব প্রেরণকালে বর্ণিত পত্রদ্বয়ের নির্দেশনা কঠোরভাবে অনুসরণ এবং নিম্নলিখিত বিশেষ নির্দেশনাসমূহ পরিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনঃ নির্দেশ প্রদান করা হলো :

- (ক) শাখা /আঞ্চলিক কার্যালয় /অন্যান্য কার্যালয় এর ভবন ভাড়াচুক্তির নবায়ন প্রস্তাব বিদ্যমান ভাড়াচুক্তির মেয়াদ উত্তীর্ণের কমপক্ষে ০২(দুই) মাস পূর্বে অত্র বিভাগে পৌঁছানো নিশ্চিত করতে হবে।
- (খ) অফিস স্থানান্তরের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) মাস পূর্বে স্থানান্তরের প্রস্তাব অত্র বিভাগে পৌঁছানো নিশ্চিত করতে হবে।
- (গ) নবায়ন/স্থানান্তরের প্রস্তাব প্রেরণের বিষয়টি আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক ,বিভাগীয় কার্যালয় কর্তৃকও নিশ্চিত করতে হবে;

০৪। বর্ণিত নির্দেশনা পরিপালনে অনীহা/অবহেলা পরিলক্ষিত হলে সংশ্লিষ্টের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ বাবর আলী)

উপ-মহাব্যবস্থাপক

জ্ঞাতার্থে অনুলিপি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক , প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক , প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন, পরিচালন, হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক , প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা;
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক ,প্র/কা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
- ০৬। অফিস নথি।